=০১=

ঢাকা ওয়াসা

(০১) এফ.এম বিভাগ-২ এর ২০২৪-২৫ অর্থ বৎসরের অনুমোদিত কর্ম-পরিকল্পনার ফটোকপি।

(০২) এফ.এম. বিভাগ-২ এর কারেন্ট স্টক রিপোর্ট।

(০৩) আলোচ্য কাজের সার্ভে রিপোর্ট।

(০৪) পূর্বানুমোদিত দর।

(০৫) আলোচ্য কাজের প্রাক্কলন ও প্রতিবেদন ।

বিষয়ঃ- Reconditioning of 10(Ten) nos. different branded & capacities defective burnt transformers under F.M.D-2 Dhaka WASA (Lot-2) কাজের প্রাক্কলন অনুমোদন প্রসঙ্গে ।

০১। উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে সংযুক্ত ক্রমিক নং ০১ হতে ০৫ সদয় দেখা যেতে পারে। এফ.এম বিভাগ-২ এর আওতাধীন বর্তমানে ৪৫৫ টি পাম্প স্টেশনে ২২৫ টি ডুয়াল কূপসহ সর্বমোট ৬৮০টির অধিক নলকূপে পাম্প মোটর চালু আছে। প্রতিটি পাম্প-স্টেশনে একটি করে এবং ১১২ টি পাম্প-স্টেশনে বৈদ্যুতিক ডুয়াল সোর্স থাকায় দুইটি করে ট্রান্সফরমার চালু আছে। অর্থাৎ, সর্বমোট=৪৫৫+১১২=৫৬৭টি ট্রান্সফরমার বিভিন্ন পাম্প-স্টেশনে চালু আছে। এই বিপুল সংখ্যক চালু ট্রান্সফরমারের বিপরীতে ভাল অবস্থায় ট্রান্সফরমার মজুদ রাখা প্রয়োজন আছে। আসন্ন শুষ্ক মৌসুমে ক্রমবর্ধমান পানির চাহিদা পূরনের জন্য প্রায় প্রতিটি পাম্প স্টেশনে ডুয়াল কূপ চালু রাখার জন্য মড্স জোন হতে চাহিদা প্রদান করা হচ্ছে। কিন্তু যে সকল পাম্প স্টেশনে ২০০ কেভিএ এর নীচের ক্ষমতার সাব-স্টেশন রয়েছে সেখানে ডুয়াল কূপ চালু রাখা সম্ভব হয়না। সে কারনে পানি সংকট মোকাবিলা করার জন্য সিঙ্গেল কূপে ১৫০ কেভিএ ও ডুয়েল কূপে ২০০ কেভিএ ট্রান্সফরমার স্থাপন করতে হচ্ছে। অত্র বিভাগীয় ভান্ডারে বর্তমানে ব্যবহারযোগ্য ট্রান্সফরমারের মজুদ আছে ২১ টি। উল্লেখ্য যে, জুলাই/২৩ হতে জুন/২৪ পর্যন্ত মোট ৩৩ টি ট্রান্সফরমার মড্স সার্কেল-২ এর বিভিন্ন পাম্প-স্টেশনের সাব-স্টেশনে বিদ্যমান ট্রান্সফরমারের ত্রুটিজনিত কারনে ইস্যু করা হয়েছে। তাছাড়া প্রতি মাসেই প্রায় ৩/৪ টি ট্রান্সফরমার বিকল হয়ে সাইট থেকে উত্তোলিত হয়ে অত্র বিভাগীয় ভান্ডারে জমা হয়। অত্র বিভাগে বর্তমানে বিভিন্ন সাইট হতে অকেজো অবস্থায় উত্তোলিত মোট ৩৭টি ট্রান্সফরমার রয়েছে। ট্রান্সফরমার বিনষ্ট হলে অথবা ত্রুটি দেখা দিলে পানি সরবরাহ নিরবচ্ছিন্ন রাখার লক্ষ্যে জরুরি ভিত্তিতে দ্রুততম সময়ে ট্রান্সফরমার পরিবর্তন করার প্রয়োজন হয় এবং এ বিষয়ে কর্তৃপক্ষের নির্দেশনা রয়েছে। তাই, ব্যবহারযোগ্য ট্রান্সফরমার এর পর্যাপ্ত মজুদ রাখা আবশ্যক। সেলক্ষ্যে, মজুদ বিনষ্ট ট্রান্সফরমারগুলো হতে পর্যায়ক্রমে মেরামত করার লক্ষ্যে মেগা ওহম মিটার ও এভোমিটার দ্বারা বিভিন্ন ধরনের পরীক্ষা নিরীক্ষা সহ সার্ভে করা হয়েছে, যা'তে দেখা যায় যে, ট্রান্সফরমারগুলোর এইচটি সাইড-ফেজ টু ফেজ কন্টিনিউটি নাই, এলটি-এইচটি কয়েল জ্বলা/আনব্যালান্সড, এইচটি-আর্থ কন্টিনিউটি নাই, এলটি-আর্থ কন্টিনিউটি নাই, এইচটি/এলটি বুশিং-ভাঙ্গা, আই-বোল্ট নাই, তৈল নাই, কনজারভেটর ছিদ্র, গ্যাসকেট লিক ইত্যাদি সহ বিভিন্ন ধরনের সমস্যাদি রয়েছে। উক্ত ট্রান্সফরমারগুলো হতে সার্ভে রিপোর্টের আলোকে ১০ টি ট্রান্সফরমার মেরামত করা হবে। উল্লেখ্য ২০ বছরের অধিক পুরাতন ট্রান্সফরমারগুলি মেরামত করলেও কোর এবং কয়েলের বিভিন্ন ধরনের লস (Core loss, Copper loss, Hysteresis loss, Eddy current loss) বেড়ে যাওয়ার ফলে ইফিসিয়েন্সী হ্রাস পায়। উল্লেখ্য বর্তমানে একটি নতুন ২০০ কেভিএ ট্রান্সফরমারের বাজার মূল্য ৫(পাঁচ) লক্ষ টাকার অধিক। সে কারনে আর্থিক ও কারিগরী বিবেচনায় ২০ বছরের অধিক পুরাতন ট্রান্সফরমারগুলি মেরামত না করে ম্যানুফেকচারিং ইয়ার হতে ২০ বছরের কম পুরাতন ট্রান্সফরমারগুলো রিওয়াইন্ডিংসহ মেরামত করা লাভজনক ও টেকসই হবে। সে লক্ষ্যে ১০ টি ট্রান্সফরমার রিকন্ডিশনিং-রিওয়াইন্ডিং করার লক্ষ্যে প্রয়োজনীয় খুচরা মালামাল সরবরাহ ও স্থাপন, তৈল পরিবর্তন সহ আনুষঙ্গিক মেরামত-রক্ষণাবেক্ষন কাজ করে পুনরায় ব্যবহার উপযোগী করা প্রয়োজন। এতদ্লক্ষ্যে, প্রয়োজনীয় খুচরা মালামাল সরবরাহ ও স্থাপন, তৈল পরিবর্তন সহ আনুষঙ্গিক মেরামত-রক্ষণাবেক্ষন কাজ করার জন্য ঢাকা ওয়াসা ও পি.ডব্লিউ.ডি রেট সিডিউল এবং পূর্বানুমোদিত দরের ভিত্তিতে একটি প্রাক্কলন উপস্থাপন করা হয়েছে। যাতে টাকার পরিমান দাঁড়িয়েছে =১১,৩৭,২৭০.৯৩০ (এগার লক্ষ সাত্রিশ হাজার দুইশত সত্তর দশমিক নয় তিন শূন্য) টাকা মাত্র। বর্তমানে ট্রান্সফরমারের পুরাতন তেলের কোন বাজার মূল্য না থাকায় রিসেল ভ্যালু নির্ধারণ করা যায়নি। আলোচ্য কাজের ব্যয়ভার অত্র বিভাগের ২০২৪-২৫ অর্থ বৎসরের অনুমোদিত ক্রয় পরিকল্পনার "পানির পাম্প রক্ষণাবেক্ষন খাত" এর ক্রমিক নং-০৮, (PW-03) তে অর্ন্তভূক্ত আছে। আলোচ্য প্রাক্কলন অনুমোদনের ক্ষমতা ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা ওয়াসা মহোদয়ের আওতাধীন।

০২। আলোচ্য কাজ ও কাজের মালামাল সমূহ বিশেষ ধরণের কারিগরি বৈশিষ্ট্যসম্পন্ন হওয়ায় পাবলিক প্রকিউরমেন্ট আইন-২০০৬ এবং প্রকিউরমেন্ট বিধিমালা-২০০৮ এর চতুর্থ অধ্যায় অংশ ২ এর ৬৩ ধারা অনুযায়ী সীমিত দরপত্র পদ্ধতি (LTM, e-GP) মাধ্যমে দরপত্র আহবান করা যেতে পারে। আলোচ্য কাজে Procuring Entity হিসেবে নির্বাহী প্রকৌশলী, এফ.এম. বিভাগ-২ দায়িত্ব পালন করবেন।

CamScanner

০৩। এমতাবস্থায়, কর্তৃপক্ষের কাজের স্বার্থে "Reconditioning of 10(Ten) nos. different branded & capacities defective burnt transformers under F.M.D-2 Dhaka WASA (Lot-2)" কাজটি করার লক্ষ্যে উপস্থাপিত মোট =১১,৩৭,২৭০.৯৩০ (এগার লক্ষ সাত্রিশ হাজার দুইশত সত্তর দশমিক নয় তিন শূন্য) মাত্র টাকার প্রাক্কলনটি আর্থিক, কারিগরী ও প্রশাসনিক অনুমোদনসহ সীমিত দরপত্র পদ্ধতিতে (LTM, e-GP) আহবানের সদয় অনুমোদন দেয়া যেতে পারে।

AE
03/03/2025
সঞ্জয় মিশ্র
উপ-সহকারী প্রকৌশলী
এফ এম বিভাগ-২, ঢাকা ওয়াসা

03.03.2025
মোঃ মাহফুজুল হক প্রামানিক
সহকারী প্রকৌশলী
এফ.এম. বিভাগ-২, ঢাকা ওয়াসা

EE
(শেখ আরিফ রহমান জিতু)
নির্বাহী প্রকৌশলী
এফ.এম. বিভাগ-২, ঢাকা ওয়াসা

SE/RPE&M

০৪। মতামত প্রদানের অনুরোধ করা হল।

Convener
Task force-2

4.3.2025
মোঃ আঃ লতিফ
তত্ত্বাবধায়ক প্রকৌশলী
আর.পি.ই এন্ড এম সার্কেল
ঢাকা ওয়াসা

মোঃ আব্দুল মজিদ
তত্ত্বাবধায়ক প্রকৌশলী
ও
আহবায়ক
টাস্কফোর্স টিম-২
ঢাকা ওয়াসা।

04.03.2025

জনাব মো. মাহফুজুর রাকিব, সদস্য, টাস্কফোর্স টিম-2, ঢাকা ওয়াসা।

ঢাকা ওয়াসা

৬। উপস্থাপিত ফাইলটি পর্যালোচনা করে নিম্নোক্ত পর্যবেক্ষণ ও সুপারিশসমূহ উপস্থাপন করা হলোঃ

- উপস্থাপিত প্রাক্কলনের ক্রমিক নং ১, ২, তথা 11kV & 0.5kV porcelain bushing -র rate basis হিসেবে ঢাকা ওয়াসা'র ২০১১ সালের rate schedule -র পরিবর্তে PWD হতে ২০২২ সালে প্রণিত R.S. (Rate Schedule) for E/M (Sl. No. 2.1.18.7 ও 2.1.18.8) ব্যবহার করা যেতে পারে। সেক্ষেত্রে প্রাক্কলনের unit rate যথাক্রমে ২০৪৪.০০১ টাকা ও ১৫৬৯.০০১ টাকা -এর পরিবর্তে বর্ধিত হয়ে 11kV ও 0.5kV bushing -উভয়ের জন্য unit rate দাঁড়াবে ৩,৪৩৬ টাকা।

- উপস্থাপিত প্রাক্কলনের ক্রমিক নং ৬, তথা silica-gel ক্রয়ের ক্ষেত্রে যেহেতু PWD's 2022 rate-schedule for E/M (sl. 2.1.23) ব্যবহার করা হয়েছে, অনুরূপ ক্রমিক নং ৭, তথা silica-gel breather container -র ক্ষেত্রেও PWD's 2022 R.S. (for E/M) (sl. 2.1.22) ব্যবহার করা যেতে পারে। সেক্ষেত্রে container -র unit rate হবে ৩,৭৪২ টাকা।

পরবর্তী ব্যবস্থা গ্রহণের জন্য যথাযথ কর্তৃপক্ষ বরাবর নথিটি উপস্থাপন করা হলো।

10.03.25
Md. Najmus Sakib
Assistant Engineer
DWSNIP, DWASA
& member TF-2

Mem. Secy. (TF-2)
10.03.2025
এস.এম. তৌফিকুর রহমান
নির্বাহী প্রকৌশলী
পি এন্ড ডি (পানি ও হাইড্রোলজি) বিভাগ
ও সদস্য সচিব
টাস্কফোর্স টিম-২
ঢাকা ওয়াসা।

আহ্বায়ক, টাস্কফোর্স-2
10/3/25
মোঃ আব্দুল মজিদ
তত্ত্বাবধায়ক প্রকৌশলী
ও
আহবায়ক
টাস্কফোর্স টিম-২
ঢাকা ওয়াসা।

SE/RP&E&M
EE/FM-2
11.3.25
মোঃ আঃ লতিফ
তত্ত্বাবধায়ক প্রকৌশলী
আর.পি.ই এন্ড এম সার্কেল
ঢাকা ওয়াসা।

SAE/Sanjoy
12/03/2025

০৭। নোট অনুচ্ছেদ নং-৬ সদয় দেখা যেতে পারে। অনুচ্ছেদ-৬ এ টাস্কফোর্স টিম-২ প্রদত্ত নির্দেশনার আলোকে "Reconditioning of 10(Ten) nos. different branded & capacities defective burnt transformers under F.M.D-2 Dhaka WASA (Lot-2)" কাজের প্রাক্কলনটি সংশোধন করে উপস্থাপন করা হলো (ক্রঃনং-০৭ দ্রঃ)। সংশোধিত প্রাক্কলণে মোট ব্যয়ের পরিমাণ দাঁড়িয়েছে =১১,২৩,১১৪.৯৩০ (এগার লক্ষ তেইশ হাজার একশত চৌদ্দ দশমিক নয় তিন শূন্য) টাকা মাত্র। আলোচ্য কাজের ব্যয়ভার অত্র বিভাগের ২০২৪-২৫ অর্থ বৎসরের অনুমোদিত ক্রয় পরিকল্পনার "পানির পাম্প রক্ষণাবেক্ষন খাত" এর ক্রমিক নং-০৮, (PW-03) তে অর্ন্তভূক্ত আছে। আলোচ্য প্রাক্কলন অনুমোদনের ক্ষমতা ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা ওয়াসা মহোদয়ের আওতাধীন। আলোচ্য কাজ ও কাজের মালামাল সমূহ বিশেষ ধরণের কারিগরি বৈশিষ্ট্যসম্পন্ন হওয়ায় পাবলিক প্রকিউরমেন্ট আইন-২০০৬ এবং প্রকিউরমেন্ট বিধিমালা-২০০৮ এর চতুর্থ অধ্যায় অংশ ২ এর ৬৩ ধারা অনুযায়ী সীমিত দরপত্র পদ্ধতি (LTM, e-GP) মাধ্যমে দরপত্র আহবান করা যেতে পারে। আলোচ্য কাজে Procuring Entity হিসেবে নির্বাহী প্রকৌশলী, এফ.এম. বিভাগ-২ দায়িত্ব পালন করবেন।

(০৬) পি ডব্লিউ ডি রেট শিডিউল কপি।
(০৭) সংশোধিত প্রাক্কলন।

০৮। এমতাবস্থায়, কর্তৃপক্ষের কাজের স্বার্থে "Reconditioning of 10(Ten) nos. different branded & capacities defective burnt transformers under F.M.D-2 Dhaka WASA (Lot-2)" কাজটি সম্পাদনের লক্ষ্যে অনুচ্ছেদ-০৭ এবং উপস্থাপিত মোট =১১,২৩,১১৪.৯৩০ (এগার লক্ষ তেইশ হাজার একশত চৌদ্দ দশমিক নয় তিন শূন্য) মাত্র টাকার প্রাক্কলনটি আর্থিক, কারিগরী ও প্রশাসনিক অনুমোদনসহ সীমিত দরপত্র পদ্ধতিতে (LTM, e-GP) আহবানের সদয় অনুমোদন দেয়া যেতে পারে।

17/03/25 17.03.25

সঞ্জয় মিশ্র
উপ-সহকারী প্রকৌশলী
এফ এম বিভাগ-২, ঢাকা ওয়াসা

মোঃ মাহবুবুল হক প্রামাণিক
সহকারী প্রকৌশলী
এফ.এম. বিভাগ-২, ঢাকা ওয়াসা

EE

17/3/2025
(শেখ আরিফ রহমান জিতু)
নির্বাহী প্রকৌশলী
এফ.এম. বিভাগ-২, ঢাকা ওয়াসা

SE/R&E&M.

CE

18.3.2025
মোঃ আঃ লতিফ
তত্ত্বাবধায়ক প্রকৌশলী
আর.পি.ই এন্ড এম সার্কেল
ঢাকা ওয়াসা।

20/3/2025
প্রকৌশলী মোঃ আব্দুস সালাম ব্যাপারী
প্রধান প্রকৌশলী
ঢাকা ওয়াসা

DMD (O&M)

৯/ অনু-৮ এর প্রস্তাবে অনুমোদন দেয়া যেতে পারে।

24/3/2025
(প্রকৌঃ এ.কে.এম. সহিদ উদ্দিন)
উপ-ব্যবস্থাপনা পরিচালক (পরিচালন ও রক্ষণাবেক্ষণ)
ঢাকা ওয়াসা।

DMD (O&M)

MD
মোঃ ফজলুর রহমান
ব্যবস্থাপনা পরিচালক
ঢাকা ওয়াসা।